

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 06-10-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Laxmi Puja:

আজ কোজাগরী লক্ষ্মী পূজা। ধন, গ্রন্থস্বর্য্য ও শান্তির অধিষ্ঠাত্রী দেবী লক্ষ্মী আরাধনায় রাজ্যেও উৎসাহ লক্ষ্য করা যাচ্ছে। রাজ্যের প্রায় প্রতি হিন্দু পরিবারে এই পূজার আয়োজন করা হয়। ঘরে ঘরে উপোস করে লক্ষ্মী দেবীর এই ব্রত উৎসব পালন করা হয়। ঘরে ঘরে আলপনা আঁকা হয়। ফল ফুল নৈবেদ্য দিয়ে লক্ষ্মী প্রতিমার পূজোর আয়োজন করা হয়। এই উপলক্ষ্যে আগরতলা সহ রাজ্যের বিভিন্ন বাজারে কেনাকাটার জন্য গতকাল ভীড় লক্ষ্য করা গেছে। বাজারগুলো পূজার বিভিন্ন উপকরণে সেজে উঠেছে। বিভিন্ন ধরনের ও বিভিন্ন আকারের লক্ষ্মী প্রতিমা বিক্রি হয়েছে। লক্ষ্মী পূজা উপলক্ষ্যে ঘরে ঘরে আপ্যায়নেরও ব্যবস্থা থাকে। বহু বাড়িতে এই দিনে ভোজন-এর ব্যবস্থা হয়।

SDM-Sadar:

সদর মহকুমা শাসক ও দূষণ নিয়ন্ত্রণ পর্বত-এর যৌথ উদ্যোগে গতকাল আগরতলা শহরের বিভিন্ন বাজারগুলোতে শব্দ বাজি বাজেয়াপ্ত করার অভিযান চালানো হয়। এই অভিযানে প্রচুর পরিমাণ শব্দবাজি বাজেয়াপ্ত করা হয়েছে। লক্ষ্মীপূজার পরিবেশের কথা মাথায় রেখে শব্দবাজি পোড়ানোর উপর নিষেধাজ্ঞা জারি রয়েছে।

PM on BTC:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল বোড়োল্যান্ড টেরিটোরিয়াল কাউন্সিলের প্রধান কার্যনির্বাহী সদস্য হিসাবে শপথ নেওয়ার জন্য হাগরামা মোহিলারিকে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে, প্রধানমন্ত্রী তাঁকে এবং তাঁর দলকে তাঁদের আগামী কার্যকালের মেয়াদের জন্য শুভেচ্ছা জানিয়েছেন। শ্রী মোদি বলেন, কেন্দ্রীয় সরকার এবং আসাম সরকার কাউন্সিলকে সমর্থন অব্যাহত রাখবে এবং মহান বোড়ো নেতা উপেন্দ্রনাথ বুক্ষ-র দৃষ্টিভঙ্গি পূরণ এর মাধ্যমে সর্বাঙ্গীণ উন্নয়ন নিশ্চিত করতে সম্মিলিতভাবে কাজ করবেন।

HM Amit Saha:

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ কৃষকদের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আবেদন অনুসরণ করে কৃষকদের শুধুমাত্র স্বদেশী পণ্য ব্যবহার করার জন্য আহ্বান জানিয়েছেন। তিনি জোর দিয়ে বলেন, ১৪০ কোটি জনসংখ্যার ভারত একটি বিশাল বাজারের প্রতিনিধিত্ব করে। তিনি বলেন, নাগরিকরা যদি সম্মিলিতভাবে দেশীয় পণ্য ব্যবহার এবং প্রচার করতে পছন্দ করে তবে তা উল্লেখযোগ্যভাবে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করবে। শ্রী শাহ আজ অহিল্যানগর জেলার লোনিতে পদ্মশ্রী ডঃ বিঠলরাও ভিথে পাটিল এবং পদ্মভূষণ ডাঃ বালসাহেব ভিথে পাটিলের মূর্তি উন্মোচন এবং সংস্কার করা পদ্মশ্রী ডঃ বিঠলরাও ভিথে পাটিল সমবায় চিনি কারখানার উদ্বোধন করার পর একথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিস, উপ-মুখ্যমন্ত্রী অজিত পাওয়ার এবং একনাথ শিংডে প্রমুখ।

Office of CBSE:

রাজ্যে এই প্রথম কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা বোর্ড তথা সিবিএসই-র উপ আঞ্চলিক অফিস স্থাপন করা হল। আগরতলার রবীন্দ্রনগরে এই কার্যালয়ের সূচনা করা হয়েছে। এখানে সিবিএসই-র উপ আঞ্চলিক কার্যালয় অফিস স্থাপনের ফলে রাজ্য সিবিএসই-র কাজকর্মে সমন্বয় সাধিত হবে এবং কাজের গতি বৃদ্ধি পাবে। আগরতলা বিমানবন্দরের কাছে সিবিএসই-র উপ আঞ্চলিক কার্যালয়ের ভবন নির্মানের পরিকল্পনা রয়েছে বলে জানা গেছে।

DGCA:

উৎসব মরশ্মে দেশের অসামরিক বিমান পরিচালন সংস্থা ডাইরেক্টর জেনারেল অফ সিভিল এভিয়েশন DGCA বিমান ভাড়া প্রবণতা পর্যালোচনা করেছে। DGCA কে নাগরিক বিমান মন্ত্রণালয়ের পক্ষ থেকে বিমান ভাড়া পর্যবেক্ষণ করার দায়িত্ব দেওয়া হয়েছে। বিশেষ করে উৎসবের সময় এবং মূল্য বৃদ্ধির ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য বলা হয়েছে। বিমান সংস্থাগুলো বিভিন্ন রুটে যেন বিমান সংখ্যা বৃদ্ধি করে DGCA কে পর্যালোচনাও নির্দেশ দেওয়া হয়েছে। বিমান সংস্থাগুলো যেন অতিরিক্ত উড়ানের ব্যবস্থা করে তারও অনুরোধ করা হয়েছে। ইন্ডিগো বিমান সংস্থার পক্ষ থেকে জানানো হয় তারা ৪২ টি সেক্টরে ৭৩০ টি অতিরিক্ত বিমান চালিয়েছে। এয়ার ইন্ডিয়া ও এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস ২০টি সেক্টরে ৪৮৬ টি অতিরিক্ত বিমান চালানোর প্রতিশ্রুতি দিয়েছে।

Weather:

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ-সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সন্দাবনা রয়েছে। আজ ভোর পর্যন্ত গত ২৪ ঘন্টায় আগরতলা ও তার আশেপাশে বৃষ্টি

হয়েছে ০.৬ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৭
ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩৪ ডিগ্রির কাছাকচি।
